দৈনিক বাংলা

তারিখ 06 FEB 1987
পৃষ্ঠা 1 কলাম 5

051

# এক মাস পর বোর্ডের বই

(স্টাফ রিপোর্টার)

টেক্সট বুক বোর্ডের মাধ্যমিক পর্যায়ের সব বই অবশেষে নির্ধারিত সময়ের একমাস পরে গতকাল থেকে পাওয়া যাচ্ছে। জানুয়ারীর প্রথম সপ্তাহের মধ্যেই বোর্ডের এসব বই বাজারে ছাড়ার কথা ছিল।

জানুয়ারীর প্রথম সপ্তাহে সব বই বাজারে পাওয়ার কথা থাকলেও পুস্তক প্রকাশকদের গাফিলতি কাগজ ও মুদ্রণ সংকট বাইন্ডারদের ধর্মঘটসহ বিভিন্ন কারণে এ বছর বাজারে বই বেরোতে শুরু করে ১৭ই জানুয়ারীর পর থেকে।

বোর্ডের একটি সূত্র জানিয়েছে, ৩১শে জানুয়ারীর মধ্যে বোর্ড তাদের মোট ৪৯টি বইয়ের মধ্যে ৩৫টি বইয়ের ছাড়পত্র দেয়। তেসরা ফেব্রুয়ারীর মধ্যে তারা বাকী ১৪টি বইয়ের ছাড়পত্র দেয়।

পুস্তক প্রকাশক সমিতি জানিয়েছে, গতকাল ১১টি বই বাজারে ছাড়া হয়েছে এবং ইতিপূর্বে বাকী ৩৮টি বই বাজারে এসেছে। গতকাল যেসব বই বাজারে গেছে সেগুলোর মধ্যে রয়েছে ৬ষ্ঠ শ্রেণীর

(৫-এর পৃঃ দ্রঃ)

## এক মাস পর

(১ম পৃঃ পর)

২টি ৮ম শ্রেণীর ২টি ও ৯ম শ্রেণীর ৭টি বই।

সমিতি আরো জানিয়েছে যে ঢাকার বাজারে গতকাল এসব বই ছাড়া হয়েছে। দেশের সর্বত্র বোর্ডের সব বই আগামী শনি রবিবারের মধ্যেই পাওয়া যাবে বলে সমিতি আশা প্রকাশ করেছে।

বোর্ডের বই বিলম্বে প্রকাশনার জন্যে প্রকাশকদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেয়া হয়েছে জানতে চাওয়া হলে বোর্ডের একজন মুখপাত্র গতকাল বলেন যে পুস্তক প্রকাশক সমিতি তাদের বিভিন্ন সমস্যার কথা উল্লেখ করে ২০ থেকে ২৫শে জানুয়ারীর মধ্যে সব বই প্রকাশের ওয়াদা করেছিল। এ জন্যে ২৫শে জানুয়ারীর পর যেসব প্রকাশক বই বের করেছেন তাদের জরিমানা করা হয়েছে বলে তিনি জানান।